দৈনিক আমাদের সময়

তারিখ 13 JUN 2017
পৃষ্ঠা: ২ কলাম: ৫

সংসদে শিক্ষামন্ত্রী

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির নীতিমালা চূড়ান্ত পর্যায়ে

নিজস্ব প্রতিবেদক ●

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির নীতিমালা প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি জানান, এমপিওভুক্তির জন্য বাংলাদেশ সিভিল সার্ভিস রিক্রুটমেন্ট রুলস-১৯৮১ সংশোধন করা হচ্ছে। এতে শতকরা ৫০ ভাগের স্থলে শতকরা ৮০ ভাগ সহকারী শিক্ষক-শিক্ষিকাকে সহকারী প্রধান শিক্ষক-শিক্ষিকা পদে পদোন্নতির সুযোগ পাবেন।

গতকাল জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। সাংসদ কাজী নাবিল আহমেদের প্রশ্নের জবাবে মন্ত্রী আরও জানান, শিক্ষকদের শ্রেণি কার্যক্রমে আরও বেশি মনোযোগী করতে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের পদটি দ্বিতীয় শ্রেণিতে উন্নীত করা হয়েছে। এতে বৃদ্ধি পেয়েছে তাদের আর্থিক সুবিধা ও সামাজিক মর্যাদা।

প্রথম শ্রেণি থেকে ইংরেজি শিক্ষা

প্রথম শ্রেণি থেকে বাধ্যতামূলক করার মাধ্যমে ইংরেজি শিক্ষায় বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। জাতীয় পার্টির বেগম সালমা ইসলামের লিখিত প্রশ্নের জবাবে তিনি আরও জানান, শিক্ষাক্রমের আওতায় প্রতিটি শ্রেণিতে ইংরেজি পাঠদান যথাযথ করতে শিক্ষক সহায়িকা ও নির্দেশনা নিশ্চিত করা হয়েছে।